# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৮

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৮. যে ব্যক্তি তার হত্যাকারীকে ক্ষমা করে দেয়

## بَاب لِمَنْ يَعْفُو عَنْ قَاتِلِهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ عَوْفٍ عَنْ حَمْزَةَ أَبِي عُمَرَ عَنْ عَلْقَمَةَ بْنِ وَائِلٍ الْحَضْرَمِيِّ عَنْ أَبِيهِ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ شَهِدْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ أُتِيَ بِالرَّجُلِ الْقَاتِلِ يُقَادُ فِي نِسْعَةٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِوَلِيِّ الْمَقْتُولِ أَتَعْفُو قَالَ لَا قَالَ فَتَأْخُذُ الدِّيَةَ قَالَ لَا قَالَ فَتَقْتُلُهُ قَالَ نَعَمْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّكَ إِنْ عَفَوْتَ عَنْهُ فَإِنَّهُ يَبُوءُ بِإِثْمِكَ وَإِثْمِ صَاحِبِكَ قَالَ فَتَرَكَهُ قَالَ فَأَنَا رَأَيْتُهُ يَجُرُّ نِسْعَتَهُ قَدْ عَفَا عَنْهُ

বাংলা

২৩৯৮. ওয়ায়েল ইবন হুজর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদিন আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে উপস্থিত ছিলাম। তখন তাঁর কাছে একজন হত্যাকারীকে আনা হয়। যার গলায় চামড়ার রশি বাঁধা ছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিহত ব্যক্তির উত্তরাধিকারীকে ডেকে জিজ্ঞাসা করেনঃ “তুমি কি তাকে ক্ষমা করে দেবে?” সে বলেঃ না। তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “তুমি কি রক্তপণ গ্রহণ করবে?” সে বলেঃ না। তখন তিনিআবার তাকে জিজ্ঞাসা করেনঃ “তুমি কি তাকে হত্যা করবে?” সে বলেঃ হাঁ। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ দেখ, যদি তুমি তাকে ক্ষমা করে দাও, তবে সে ব্যক্তি তোমার ও নিহত ব্যক্তির গুনাহ নিয়ে ফিরবে।” এ কথা শুনে সে ব্যক্তি তাকে ছেড়ে (ক্ষমা করে) দেয়।

রাবী বলেনঃ তখন আমি সে হত্যাকারী ব্যক্তিকে রশি টানতে টানতে যেতে দেখি অথচ তাকে ক্ষমা করে দেওয়া হয়েছিল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আবূ দাউদ, দিয়াত ৪৫০০, ৪৫০১, ৪৫১৫, নাসাঈ, কাসামাহ ৮/১৫, ১৬, ১৭, ২১; বাইহাকী, জানাইয়াত ৮/৫৫; মা'রিফাতুস সুনান ওয়াল আছার নং ১৫৯০১; মুসলিম, কাসামাহ ১৬৮০ সনদ সহীহ।

বুখারী, আইমান ওয়ান নুযুর ৬৬৭৫, ইসতিতাবাহ মুরতাদীন ৬৯২০; বাগাবী, শারহুস সুন্নাহ, ১/৮৫ নং ৪৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82681

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন